গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
www.dghs.gov.bd

স্মারকনং- স্বাঃঅধিঃ/প্রশাসন/জাতীয় শুদ্ধাচার/২০২২/2909 তারিখঃ 26.০৬/২০২২ খ্রিঃ।

বিষয়: স্বাস্থ্য অধিদপ্তরাধীন "জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা" কমিটির ২০২১-২০২২ আর্থিক বছরের ৪র্থ সভার কার্যবিবরণী:

সভাপতি: অধ্যাপক ডা. আহমেদুল কবীর, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর;
তারিখ ও সময়: ১৩/০৬/২০২২খ্রি: বিকাল ৩.০০ ঘটিকা;
স্থান: সভাকক্ষ, স্বাস্থ্য অধিদপ্তর (নতুন ভবন), মহাখালী, ঢাকা।

উপস্থিত সদস্য/কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। শুদ্ধাচারের কোন্ কোন্ ক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তর পয়েন্ট কম পায় এবং কিভাবে কাজ করা হলে পয়েন্ট বেশী পাওয়া যাবে সে বিষয়ে সকলকে অবহিত করেন। আগামী কর্মপরিকল্পনায় টার্গেটগুলো এমন হতে হবে যাতে তা বাস্তবায়ন করা সম্ভব হয়। অবাস্তব কল্পনাপ্রসুত কোন টার্গেট গ্রহণ করা যাবে না। চলতি অর্থ বছরের পরিকল্পনা কতটুকু বাস্তবায়ন করা সম্ভব হয়েছে সে বিষয়ে সভায় অবহিত করার জন্য সদস্য-সচিবকে অনুরোধ করেন। বর্তমান সদস্য-সচিব, ডা. শাহ্ মোহাম্মদ জসিম উদ্দিন, প্রাক্তন উপ-পরিচালক (এমআইএস) বর্তমান পরিচালক, ন্যাশনাল এইডস এন্ড এসটিডি কন্ট্রোল (এনএএসসি) স্বাস্থ্য অধিদপ্তর সভায় অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির চলতি অর্থ বছরের শেষ কোয়ার্টার এর সভা অদ্যকার সভা অনুষ্ঠানের মাধ্যমে টার্গেটকৃত ৪টি সভা সম্পন্ন হলো।

আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

| ক্রমিক নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১. | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা-----------------------------২২ | | | |
| ১.১ | নৈতিকতা কমিটির সভা | প্রতি ৩ মাসে নৈতিকতা কমিটির একটি করে মোট বছরে মোট ৪টি সভা করার পরিকল্পনা রয়েছে। পরিকল্পনা মোতাবেক অদ্যকার সভা আহব্বান করা হয়। আগামীতে প্রতি কোয়ার্টারের প্রথম মাসের প্রথম সোমবার ভিডিও কনফারেন্স-এর সাথে একত্রে সভা আহবানের বিষয়ে আলোচনা হয়। | প্রতি কোয়ার্টারের সভা আহব্বানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং আগামীতে ভিডিও কনফারেন্স-এর সাথে একত্রে সভা আহবানের বিষয়ে আলোচনা হয়। | সদস্য-সচিব/বিকল্প সদস্য-সচিব |
| ১.২ | নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | পরিকল্পনার আলোকে কমিটির সিদ্ধান্ত ১০০% ভাগ বাস্তবায়নের সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে মর্মে আলোচনা হয়। | সকল পরিচালক/লাইন ডাইরেক্টরগণকে নিজ নিজ প্রতিষ্ঠানের অগ্রগতি ও কমিটির সিদ্ধান্ত ১০০% ভাগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল পরিচালক/ লাইন ডাইরেক্টরগণ |
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা | দাপ্তরিক কাজে দক্ষতা বৃদ্ধি ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বছরে অন্ততঃ ৪টি সভা অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ করার বিষয়ে | ৪টি সভা অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ করার বিষয়ে প্রথম কোয়ার্টারে প্রশাসন শাখা, ২য় | ১। পরিচালক, প্রশাসন/হাসাপাতাল/এমআইএস/ পরিকল্পনা; |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আলোচনা হয়। প্রথম কোয়ার্টারে প্রশাসন শাখা, ২য় কোয়ার্টারে হাসপাতাল শাখা, ৩য় কোয়ার্টারে এমআইএস শাখা ও ৪র্থ কোয়ার্টারে পরিকল্পনা শাখা অংশীজনের সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে মর্মে আলোচনা হয়। | কোয়ার্টারে হাসপাতাল শাখা, ৩য় কোয়ার্টারে এমআইএস শাখা ও ৪র্থ কোয়ার্টারে পরিকল্পনা শাখা অংশীজনের সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত হয়। | ২। সদস্য-সচিব/বিকল্প সদস্য-সচিব |
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | সদস্য-সচিব সভায় অবহিত করেন যে, এমআইএস এর মাধ্যমে ৩ কোয়ার্টারে ৮০ জনকে এবং ৪র্থ কোয়ার্টারে প্রশাসন শাখা থেকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে যা টার্গেটের চেয়ে বেশী। বিকল্প সদস্য-সচিব প্রশিক্ষণ ব্যাচ সংখ্যা বৃদ্ধি করে প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণের সুপারিশ করেন। | স্বাস্থ্য অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের (মোট ১০৭৪ জন) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন শাখা/ সদস্য-সচিব |
| ১.৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন | কর্ম-পরিবেশ উন্নয়নে স্বাস্থ্য বিধি অনুসরণ/অফিস প্রাঙ্গনের সৌন্দর্য বৃদ্ধি/অকেজো যন্ত্রপাতি বা মালামাল বিনষ্টকরণ এর আওতায় করোনা কালীন সময়ে সকল দপ্তরে হ্যান্ড স্যানিটাইজার/হ্যান্ড ওয়াস/মাস্ক পরিধান/সাবান-পানির ব্যবস্থা করা ও অকেজো যন্ত্রপাতি বিধি মোতাবেক বিনষ্টকরণের পর্যাপ্ত ব্যবস্থা/সংস্থান রাখা হয়েছে। চলতি অর্থ বছরে এমআইএস শাখার অকেজো যন্ত্রপাতির তালিকা প্রস্তুত করে নিলামের মাধ্যমে বিক্রয় করা হয়েছে। আগামী বছরের জন্য নথি বিনষ্টকরণ, নথির শ্রেণি বিভাগকরণ, টি ও এন্ড ই ভুক্ত অকেজো যন্ত্রপাতি নিলামে বিক্রয়, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। | (১) সকল দপ্তরে হ্যান্ড স্যানিটাইজার/হ্যান্ড ওয়াস/মাস্ক পরিধান/সাবান-পানির ব্যবস্থা করা ও অকেজো যন্ত্রপাতি বিধি মোতাবেক নিলাম/বিনষ্টকরণের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) নথি বিনষ্টকরণ, নথির শ্রেণি বিভাগকরণ, টিও এন্ড ই ভুক্ত অকেজো যন্ত্রপাতি নিলামে বিক্রয়, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি বিষয়ে ৪ সদস্য বিশিষ্ট একটি সাব কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়; কমিটি নিম্নরূপ:<br>১। ডা. মোঃ জাফরুল হোসেন, উপ-পরিচালক (পার-১)- সভাপতি, (২) ডা. মোঃ মঈনুল হক খান, সহকারী পরিচালক (প্রশাসন-১)-সদস্য-সচিব (৩) সহকারী পরিচালক (এসিআর)-সদস্য ও (৪) সহকারী পরিচালক (অর্থ)- সদস্য হিসেবে থাকবেন।<br>৩। মহিলাদের পৃথক ওয়াশরুমের বিষয়ে ডা. | ১। সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ<br><br>২।উপপরিচালক (পিএইচসি)<br><br>৩। সহকারী পরিচালক (পার-২) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | রওশন জাহান আখতার আলো, সহকারী পরিচালক(পার-২),ডা.রত্না দাস, সহকারী পরিচালক (প্রশাসন-২) আগামী সভায় একটি প্রতিবেদন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১.৬ | আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | স্বাস্থ্য অধিদপ্তরের ২০২২-২০২৩ আর্থিক বছরের খসড়া কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং তা স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। অদ্য সভায় কর্মপরিকল্পনা চুড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা এবং ত্রৈমাসিক প্রতিবেদন সময়মত প্রদানের বিষয়ে আলোচনা হয়। | শুদ্ধাচার সম্পর্কিত পরিপত্র/নোটিশ/প্রতিবেদন/ সভার কার্যবিবরণী ইত্যাদি নির্ধারিত সময়ের মধ্যে ওয়েব সাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক-(পার-২) |
| ১.৭ | আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান | ডা. শাহ্ মোহাম্মদ জসিম উদ্দিন, প্রাক্তন উপ-পরিচালক ও পরিচালক,ন্যাশনাল এইডস এন্ড এসটিডি সভায় অবহিত করেন যে, আঞ্চলিক মাঠ পর্যায়ে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা করে স্বাস্থ্য অধিদপ্তরের প্রেরণের জন্য অনুরোধ জানিয়ে পত্র দেয়া হলেও কোন পরিকল্পনা অদ্যাবধি পাওয়া যায়নি। সভাপতি মহোদয় এ বিষয়ে কৌশল পরিবর্তনের জন্য বলেন। সরাসরি সংশ্লিষ্টদের সাথে তাগিদ দেয়ার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। | (১) সদস্য সচিবকে এ বিষয়ে তৎপর হওয়ার জন্য এবং আগামীতে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে বিষয়টি ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য-সচিব |
| ১.৮ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | চলতি বছরের জন্য এখনও কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। গঠিত কমিটির সভা আহবানের মাধ্যমে শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ে আলোচনা হয়। | স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরষ্কার প্রদানের বিধান থাকলেও অর্থ বছর অতিক্রান্ত হওয়ায় ২০২১-২০২২ অর্থ বছরের পুরষ্কার প্রদান বিষয়ে গঠিত কমিটি জুন/২০২২ এর মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা | ১। পরিচালক (প্রশাসন)<br>২। সদস্য-সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত হয়। | |
| ২. | আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন--------------------------৮ | | | |
| ২.১ | ২০২২-২৩ অর্থ বছরে উন্নয়ন ও রাজস্ব<br><br>এফং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ | রাজস্ব খাতের ক্রয় পরিকল্পনা পরিচালক (প্রশাসন) শাখা থেকে এবং উন্নয়ন খাতের ক্রয় পরিকল্পনা পরিচালক (পরিকল্পনা) শাখা থেকে প্রস্তুত করে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে আগামী ৩১/০৭/২০২২ তারিখের মধ্যে ওয়েব সাইটে দেয়ার বিষয়ে আলোচনা হয়। | রাজস্ব খাতের ক্রয় পরিকল্পনা পরিচালক (প্রশাসন) শাখা থেকে এবং উন্নয়ন খাতের ক্রয় পরিকল্পনা পরিচালক (পরিকল্পনা) শাখা থেকে প্রস্তুত করে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে আগামী ৩১/০৭/২০২২ তারিখের মধ্যে ওয়েব সাইটে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপপরিচালক (প্রশাসন)<br>২। উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>৩। ডা.তানভীর আহমেদ, ডিপিএম, এইচ আর এম |
| ২.২ | প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | PIC সভা সংক্রান্ত বিষয়ে আলোচনায় সভায় পরিচালক (পরিকল্পনা) সভায় অবহিত করেন যে, পিআইসি সভা পরিকল্পনা শাখা থেকে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | PIC সভা নিয়মিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) উপপরিচালক (প্রশাসন)<br>(২)উপপরিচালক (পরিকল্পনা ও গবেষণা) |
| ৩. | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কর্যক্রম---------২০ (অগ্রাধিকার ভিত্তিতে ন্যূনতম পাঁচটি কার্যক্রম) | | | |
| ৩.১ | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন বিষয়ে আলোচনা হয়। মুগদা মেডিকেল কলেজ হাসপাতালের ও কুষ্টিয়া সদর হাসপাতালের স্টক ম্যানেজমেন্ট, কর্মকর্তা/কর্মচারীদের ১০০% হাজিরা নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা হয়। হাসপাতাল শাখা থেকে একটি পরিদর্শন পরিকল্পনা প্রস্তুত করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার বিষয়ে সভাপতি মহোদয় মত প্রকাশ করেন। | হাসপাতাল শাখা থেকে একটি পরিদর্শন পরিকল্পনা প্রণয়ন করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ,<br>(২) সদস্য-সচিব<br>(৩) সহকারী পরিচালক (প্রশাসন-১) |
| ৩.২ | অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ (শাখা অফিস পরিদর্শন ও সুপারিশ বাস্তাবয়ন, অভিয়োগ নিষ্পত্তিকরণ) | অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ (শাখা অফিস পরিদর্শন ও সুপারিশ বাস্তাবয়ন, অভিয়োগ নিষ্পত্তিকরণ) বিষয়ে সভায় অবহিত করা হয় যে, এমআইএস-এর মাধ্যমে উহা নিয়মিত করা হয়। এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের সমন্বয় শাখার ডা. মোঃ ফাহিম হোসেন-কে সমন্বয় সহযোগী হিসেবে সংশ্লিষ্ট করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ (শাখা অফিস পরিদর্শন ও সুপারিশ বাস্তাবয়ন, অভিয়োগ নিষ্পত্তিকরণ) আরও গতিশীল করার সিদ্ধান্ত হয়।<br>(২) হালনাগাদ তথ্যাদি ত্রৈমাসিক প্রতিবেদনে উল্লেখ করে মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (১)সদস্য-সচিব<br>(২) সহকারী পরিচালক (প্রশাসন-১) |

| | | | | |
|---|---|---|---|---|
| | অন্যান্য | | | |
| | নতুন সদস্য-সচিব নির্বাচন প্রসঙ্গে। | প্রাক্তন সদস্য-সচিব ও প্রাক্তন উপ-পরিচালক (এমআইএস) ডা. শাহ্ মোহাম্মদ জসিম উদ্দিন সভায় অবহিত করেন যে, তিনি বর্তমানে পরিচালক, ন্যাশনাল এইডস এন্ড এসটিডি কন্ট্রোল (এনএএসসি) হিসেবে দায়িত্ব পালন করছেন ফলে সদস্য-সচিব হিসেবে প্রশাসন শাখা থেকে কোন কর্মকর্তাকে মনোনয়ন পূর্বক কমিটি পুণর্গঠন করা প্রয়োজন। সভাপতি মহোদয় এ বিষয়ে ডা. রওশন জাহান আখতার আলো, সহকারী পরিচলক (পার-২)-কে সদস্য-সচিব হিসেবে মনোনয়ন প্রদান করার নির্দেশনা প্রদান করেন এবং তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | বিদ্যমান কমিটিতে সিএমএসডি'র প্রতিনিধি অন্তর্ভুক্ত না থাকায় পরিচালক (সিএমএসডি) কে ও পরিচালক (এনএএসসি)কে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করে এবং ডা. রওশন জাহান আখতার আলো, সহকারী পরিচলক (পার-২)-কে সদস্য-সচিব হিসেবে মনোনীত করে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে কমিটি পুণর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ডা. রওশন জাহান আখতার আলো, সহকারী পরিচলক (পার-২) |

আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় পুণরায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(অধ্যাপক ডা. আহমেদুল কবীর)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

স্মারকনং- স্বাঃঅধিঃ/প্রশাসন/জাতীয় শুদ্ধাচার/২০২২/ 2909/(৮)

তারিখঃ ২১/০৬/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রদান করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়);
২. অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, স্বাস্থ্যঅধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৩. পরিচালক/লাইন ডাইরেক্টর, প্রশাসন/পরিকল্পনা ও মনিটরিং/পিএইচসি/হাসপাতাল ও ক্লিনিকসমূহ/এমআইএস/অর্থ/সিএমএসডি/এনএএসসি/---------স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৪. উপ-পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৫. উপসচিব (প্রশাসন-৪ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সহকারী পরিচালক (পার-২), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৭. ডিপিএম (পরিকল্পনা), পিএমআর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৮. অফিস কপি।

(ডা. শাহ্ মোহাম্মদ জসিম উদ্দিন)
পরিচালক,ন্যাশনাল এইডস এন্ড এসটিডি কন্ট্রোল
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ও
সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি